[illegible]

তারিখ 12 JAN 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

90

## আদালত এজলাস

# এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা সংক্রান্ত কারণদর্শাও নোটিশ

॥ কোর্ট রিপোর্টার ॥

ঢাকার মাননীয় দ্বিতীয় সহকারী জজ জনাব রেজাউল করিম বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব এবং মেডিকেল ও জনশক্তি উন্নয়ন স্বাস্থ্য

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## আদালত এজলাস

প্রথম পৃষ্ঠার পর

অধিদফতরের পরিচালককে প্রকাশিত বিজ্ঞপ্তি'র শর্তানুসারে ১৯৮৮-৮৯ সনের ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের কেন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না— ৭ দিনের মধ্যে তার কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন। ঢাকার ১১৯ নং মনিপুর নিবাসী জনাব খ, আঃ ইসলাম কর্তৃক উল্লেখিত ব্যক্তিদের বিরুদ্ধে আনীত এক মামলার প্রেক্ষিতে আদালত উপরোক্ত নির্দেশ প্রদান করেন। বাদী পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট শহীদুল্লাহ খান ও রুহুল আমিন শেলী।

মামলার আরজিতে বলা হয়েছে, বিগত ২৭ নভেম্বর একটি দৈনিক পত্রিকায় ১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষ মেডিকেল কলেজসমূহে ভর্তির এক বিজ্ঞপ্তি দেয়া হয়। বাদী তাতে একজন প্রার্থী হিসেবে দরখাস্ত করেন এবং প্রয়োজনীয় শর্ত পূরণ করে সংশ্লিষ্ট কলেজে পরীক্ষার রেজিস্ট্রেশন, ফরম, ফি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দেন। আরজিতে বলা হয়, অনুরূপভাবে হাজার হাজার ছাত্র ছাত্রী ভর্তি পরীক্ষা দেয়ার জন্য টাকা জমা দিয়েছেন। কিন্তু বাদী পরে জানতে পারেন যে, প্রকাশিত বিজ্ঞপ্তির ৮ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী নয়, বরং ভর্তির আবেদনপত্রের নির্দেশাবলীর ৪ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী ছাত্র-ছাত্রীদেরকে উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

আরজিতে বলা হয়, এর ফলে বাদীসহ হাজার হাজার ছাত্র-ছাত্রী উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা হতে বঞ্চিত হবে। বাদী বলেন, বিজ্ঞপ্তিতে যদি উক্ত ভর্তি ফরমের ৪ নং অনুচ্ছেদের শর্তাবলী উল্লেখ থাকত তাহলে উক্ত ভর্তি পরীক্ষায় তার অংশগ্রহণের প্রশ্নই উঠত না এবং অহেতুক টাকা-পয়সা খরচ ও মানসিক দুঃশ্চিন্তায় ভুগতে হত না।